গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সেবা শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬২.৯১.০০১.১৮.৩৭৯ তারিখ: ২০ শ্রাবণ ১৪২৮
০৪ আগস্ট ২০২১

বিষয়: **১৫ই আগস্ট জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদতবার্ষিকী পালন।**

সূত্র: পত্র নং- জঃশঃউঃ/জাঃবাঃকঃ/বিবিধ-০১/২০২১/৭৩৬, তারিখ ১৮ জুলাই ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি'র সূত্রোস্থ পত্রের অনুলিপি এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

উল্লেখ্য, সূত্রোস্থ পত্রে ১৫ই আগস্ট জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদতবার্ষিকী পালন উপলক্ষ্যে ১লা আগস্ট থেকে সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত, স্থানীয় সরকার, শিক্ষা ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহের ভবনে ড্রপডাউন ব্যানার ব্যবহার বিষয়ে নির্দেশনা রয়েছে।

এমতাবস্থায়, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি'র পত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

৪-৮-২০২১
মোঃ শামসুল আলম
উপসচিব
ফোন: ২২৩৩৮৪৫৮২
ইমেইল: service.sec@shed.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) চেয়ারম্যান, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা।
২) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
৩) মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
৪) চেয়ারম্যান , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
৫) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)

৬) ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৭) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
৮) ডেপুটি সেক্রেটারি জেনারেল, ডেপুটি সেক্রেটারি জেনারেল এর দপ্তর, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন
৯) প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
১০) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
১১) পরিচালক, পরিচালকের দপ্তর, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর
১২) মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী
১৩) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
১৪) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা
১৫) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
১৬) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
১৭) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট
১৮) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
১৯) সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড
২০) সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্ট

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬২.৯১.০০১.১৮.৩৭৯/১(৮) | তারিখ: ২০ শ্রাবণ ১৪২৮ / ০৪ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) অতিরিক্ত সচিব , প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২) উপসচিব, প্রশাসন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪) মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫) উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬) জনাব পঙ্কজ ঘোষ, উপসচিব, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি, ঢাকা।
৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮) অফিস কপি, ইমেইল।

৪-৮-২০২১

মোঃ শামসুল আলম

উপসচিব

জয় বাংলা | জয় বঙ্গবন্ধু

**জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি**

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ভবন (৫ম তলা), শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

স্মারক নং- জঃশঃউঃ/জাঃবাঃকঃ/বিবিধ-০১/২০২১/৭৩৬

তারিখঃ ৩রা শ্রাবণ ১৪২৮ / ১৮ই জুলাই ২০২১

**বিষয় : ১৫ই আগস্ট জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদতবার্ষিকী পালন উপলক্ষ্যে ১লা আগস্ট থেকে সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত, স্থানীয় সরকার, শিক্ষা ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহের ভবনে ড্রপডাউন ব্যানার ব্যবহার।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৫ই আগস্ট ২০২১ জাতীয় শোক দিবস। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং ১৫ই আগস্টের সকল শহিদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের উদ্দেশ্যে সরকারি/ অন্যান্য কর্মসূচি প্রতিপালনের পাশাপাশি ১লা আগস্ট থেকে সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত, স্থানীয় সরকার, শিক্ষা ও বেসরকারি প্রতিষ্ঠানের ভবনে ড্রপডাউন ব্যানার (ভবনের উপর থেকে নিচ পর্যন্ত) লাগানোর ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

০২। জাতির পিতা এবং ১৫ই আগস্টের শহিদদের প্রতি যথাযথ সম্মান প্রদর্শনে ড্রপডাউন ব্যানার মুদ্রণ ও ব্যবহারের ক্ষেত্রে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে :

ক) ড্রপডাউন ব্যানারটি ভবনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ মাপ অনুযায়ী ভবনের সামনে দৃশ্যমানভাবে লাগানোর ব্যবস্থা গ্রহণ করা এবং ওয়েবসাইটে (mujib100.gov.bd) প্রদত্ত ড্রপডাউন ব্যানারের নমুনার আলোকে প্রস্তুত করা;

খ) ব্যানারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি থাকবে। স্থান সংকুলান সাপেক্ষে ১৫ই আগস্টের সকল শহিদের ছবি ব্যবহার করা যাবে;

গ) ব্যানারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং ১৫ই আগস্টের শহিদগণ ব্যতীত অন্য কোনো ছবি ব্যবহার না করা;

ঘ) ড্রপডাউন ব্যানারের উপরে বাম পার্শ্বে স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর লোগো, মাঝখানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের লোগো (প্রযোজ্য ক্ষেত্রে) এবং ডান পার্শ্বে মুজিববর্ষের লোগো ব্যবহার করা যাবে। তবে ব্যানারের নিচে প্রতিষ্ঠানের নাম লোগোসহ (যদি থাকে) ব্যবহার করা যেতে পারে;

ঙ) ব্যানারে স্থান সংকুলান সাপেক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কোনো ভাষণের উদ্ধৃতি/ দিবসের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কোনো উদ্ধৃতি বা কবিতার পঙ্‌ক্তি ব্যবহার করা যেতে পারে।

০৩। এমতাবস্থায়, ১৫ই আগস্টের সকল শহিদের প্রতি যথাযথ সম্মান প্রদর্শনে বর্ণিত নির্দেশনার আলোকে ১লা আগস্ট থেকে সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত, স্থানীয় সরকার, শিক্ষা ও বেসরকারি প্রতিষ্ঠানের ভবনে ড্রপডাউন ব্যানার ব্যবহারের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

18/07/2021

পঙ্কজ ঘোষ
উপসচিব
ফোন : ০২-৫৫১৩০৩১৫

বিতরণ :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা;

৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে অবহিতকরণের অনুরোধসহ)/ সিনিয়র সচিব/ সচিব, .................................................. মন্ত্রণালয়/ বিভাগ;

৪। বিভাগীয় কমিশনার, ................................. বিভাগ;

৫। জেলা প্রশাসক, ..................................... জেলা।

জয় বাংলা

জয় বঙ্গবন্ধু

# ১৫ ই আগস্ট

# জাতীয় শোক দিবস

## শোক থেকে শক্তি
## শোক থেকে জাগরণ



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান,
বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা
ও ১৫ই আগস্টের সকল শহিদের প্রতি

## গভীর শ্রদ্ধা

প্রতিষ্ঠানের লোগো

অফিস/ শিক্ষা প্রতিষ্ঠানের নাম

জয় বাংলা

জয় বঙ্গবন্ধু

১৫ই আগস্ট

# জাতীয় শোক দিবস

## তুমি স্বাধীনতা,
## তুমিই বাংলাদেশ



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান,
বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা
ও ১৫ই আগস্টের সকল শহিদের প্রতি

## গভীর শ্রদ্ধা

---

প্রতিষ্ঠানের
লোগো

অফিস/ শিক্ষা প্রতিষ্ঠানের নাম